

💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মত ইহরাম বেঁধে ইয়ামান থেকে আলী রা.-এর আগমন

88- 'এদিকে আলী রা. তাঁর কর্মস্থল ইয়ামান থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লমের উটগুলো নিয়ে আগমন করলেন।'

৪৫- তিনি ফাতিমা রা. কে তাদের মধ্যে পেলেন যারা হালাল হয়েছেন। 'এমনকি তিনি মাথা আঁচড়িয়েছেন,' রঙ্গীন পোশাক পরেছেন এবং সুরমা ব্যবহার করেছেন। তিনি ফাতিমা রা. কে এই অবস্থায় দেখে তা অপছন্দ করলেন। 'তিনি বললেন, তোমাকে এ রকম করার জন্য কে নির্দেশ দিয়েছে?' ফাতেমা রা. বললেন, আমার পিতা আমাকে এ রকম করার নির্দেশ দিয়েছেন।

৪৬- জাবের রা. বলেন, আলী রা. ইরাকে থাকা অবস্থায় বলতেন, 'ফাতেমার কৃতকর্মের ওপর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামেকে ক্ষেপিয়ে তোলার জন্য তাঁর কাছে গেলাম, ফাতেমা যা রাসূলের বরাত দিয়ে বলেছেন সে সম্পর্কে তাঁর কাছে জিজ্ঞেস করলাম। আমি রাসূলকে জানালাম যে, আমি ফাতেমার এই কাজকে অপছন্দ করেছি; 'কিন্তু সে আমাকে বলেছে, আমার পিতা আমাকে এরকম করতে নির্দেশ দিয়েছেন।' তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,

«صندَقَتْ صندَقَتْ صندَقَتْ أَنَا أَمَرْتُهَا بِهِ»

'সে সত্য বলেছে, সে সত্য বলেছে, 'সে সত্য বলেছে,' 'আমিই তাকে এরকম করতে নির্দেশ দিয়েছি।' ৪৬- জাবের রা. বলেন, রাসূলুল্লাহ আলীকে বললেন, হজের নিয়ত করার সময় তুমি কি বলেছিলে? তিনি বললেন, আমি বলেছি.

مَا قُلْتَ حِينَ فَرَضْتَ الْحَجَّ ؟ قَالَ : قُلْتُ : اللَّهُمَّ إِنِّي أُهِلَّ بِمَا أَهَلَّ بِهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم 'হে আল্লাহ, নিশ্চয় আমি এভাবে ইহরাম বাঁধছি যেভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইহরাম বেঁধেছেন'।

৪৭- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন,

«فَإِنَّ مَعِيَ الْهَدْيَ فَلاَ تَحِلُّ، وَامْكُثْ حَرَامًا كَمَا أَنْتَ»

'তাহলে আমার সাথে হাদী রয়েছে। সুতরাং তুমি হালাল হয়ো না। তুমি হারাম অবস্থায়ই থাকো যেমন আছ।' ৪৭- জাবের রা. বলেন, ইয়ামান থেকে আলী রা. কর্তৃক আনিত হাদী এবং 'মদীনা থেকে' রাসূলাল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক আনিত হাদীর 'মোট সংখ্যা ছিল একশত উট।'

৪৮- জাবের রা. বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং যাদের সাথে হাদী ছিল তাঁরা ছাড়া সব মানুষ



হালাল হয়ে গেল এবং চুল ছোট করল।

ফুটনোট

- [1]. মুসলিম, নাসাঈ।
- [2]. ইবনুল-জারূদ।
- [3]. আবূ দাউদ, বায়হাকী।
- [4]. আবূ দাউদ, বায়হাকী।
- [5]. নাসাঈ, মুসনাদে আহমদ।
- [6]. নাসাঈ, মুসনাদে আহমদ।
- [7]. নাসাঈ ı
- [৪]. নাসাঈ, ইবন মাজাহ্।
- [9]. দারমী।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7361

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন